

স্মারক নং- ৬৪

তারিখঃ ২৯/০২/২০২৪খ্রিঃ

১৯/০২/২৪

### নিয়োগ বিজ্ঞপ্তি

৫নং ছাওলা ইউনিয়ন পরিষদ, পীরগাছা, রংপুর ১৭/০১/২০২৪খ্রি. তারিখের ২৪/৮১৯ নং স্মারক এবং সাব-রেজিস্ট্রার কার্যালয় পীরগাছা, রংপুর এর ০৭/০২/২০২৪খ্রি. তারিখের ৫৩ নং স্মারকের মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধান মোতাবেক রংপুর জেলা পীরগাছা উপজেলাধীন ০৫নং ছাওলা ইউনিয়নের শূন্য পদে নিকাহ রেজিস্ট্রার নিয়োগের নিমিত্তে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের লক্ষ্যে এবং প্যানেল প্রস্তুত করলে সংশ্লিষ্ট ইউনিয়নের বাসিন্দাদের নিকট হইতে নিম্নলিখিত শর্তাবলী সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাইতেছে। আর্থহী প্রার্থীদেরকে আগামী ০১/০৩/২০২৪খ্রি. তারিখ হতে ১৫/০৩/২০২৪খ্রি. তারিখের মধ্যে নির্ধারিত “ক” ফর্মে আবেদনপত্রটি নিম্ন স্বাক্ষরকারীর দপ্তর হতে সংগ্রহ করা যাবে। সংগৃহীত আবেদন ফরমটি নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে অফিস চলাকালীন সময়ে সরাসরি/ডাকযোগে দরখাস্ত দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য হবে না।

### শর্তাবলী

আবেদনপত্রে যে সকল তথ্য সন্নিবেশিত করতে হবেঃ ১। প্রার্থীর নাম, ২। পূর্ণ ঠিকানা, (ক) স্থায়ী ঠিকানা, (খ) বর্তমান ঠিকানা, ৩। প্রার্থীর জন্ম তারিখ ৪। প্রার্থীর পেশা বা চাকরি এবং বর্তমান বেতন বা অবসর ভাতার পরিমাণ (যদি থাকে), ৫। প্রার্থীর পিতা ও মাতার নাম, পেশা ও ঠিকানা, ৬। প্রার্থীর বর্তমান ঠিকানা, ৭। অফিস হিসাবে ব্যবহারের জন্য প্রার্থীর কোন বৈঠকঘর, অফিস বা কার্যালয় আছে কিনা, ৮। প্রার্থীর পরিবারের বর্তমান ঠিকানা, ৯। প্রার্থী ইতিপূর্বে কোন সরকারি চাকরি করিয়া থাকিলে ঐ চাকরির বিস্তারিত বিবরণ, ১০। আরবি, বাংলা ও মুসলিম আইনে প্রার্থীর জ্ঞান আছে কিনা, ১১। প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (পাশের সন, পরীক্ষার ফলাফল, কোন সরকারি ও বেসরকারি মাদ্রাসা হতে সনদ প্রাপ্ত উহার উল্লেখসহ, বাংলাদেশ গেজেট অক্টোবর ২০, ২০১৩ প্রকাশিত (৬ক), “যদি কোন সিটি কর্পোরেশন, পৌরসভা বা ইউনিয়ন পরিষদ এলাকার কোন নিকাহ রেজিস্ট্রারের মৃত্যু বা অবসর জনিত কারণে লাইসেন্সের কার্যকরতার অবসান ঘটে তাহা হইলে উপ-বিধি(৪) এর অধীন নিকাহ রেজিস্ট্রারের লাইসেন্স প্রদানের উদ্দেশ্যে প্রার্থী বাছাই এবং উপ-বিধি(৬) এর অধীন লাইসেন্স মঞ্জুরের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিকাহ রেজিস্ট্রারের পুত্র সন্তানকে, বিধি ৮ এর অধীন যোগ্যতা থাকা সাপেক্ষে অধিকার প্রদান করিতে হইবে।”

প্রার্থীর যোগ্যতা ও দরখাস্তের সহিত নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করতে হবেঃ

- ১। সরকার কর্তৃক স্বীকৃত বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা হতে আলিম পাশ সার্টিফিকেটধারী হতে হবে।
- ২। প্রার্থীর বয়স কমপক্ষে একুশ এবং অনূর্ধ্ব পঁয়তাল্লিশ বৎসর এর মধ্যে হতে হবে।
- ৩। যে ইউনিয়নের জন্য লাইসেন্স প্রদান করা হবে প্রার্থীকে উক্ত ইউনিয়নের বাসিন্দা হতে হবে।
- ৪। সাম্প্রতিককালে তোলা তিন কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
- ৫। শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি এবং চারিত্রিক সনদপত্র।
- ৬। জাতীয় পরিচয়পত্র বা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বা পৌরসভা বা সিটি কর্পোরেশন এর কাউন্সিলর বা মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ।
- ৭। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্ব প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

উপরে লিখিত সকল সনদের  
সত্যায়িত কপি

২৭০২  
০৪/০৭/২৪

২৯/০২/২০২৪  
(তিথি রানী মন্ডল)  
সাব-রেজিস্ট্রার, পীরগাছা, রংপুর।  
ও  
সদস্য সচিব  
নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স মঞ্জুরী সংক্রান্ত উপদেষ্টা কমিটি।

স্মারক নং- ৬৪(৬)

তারিখঃ- ২৯/০২/২০২৪খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলঃ

- ১। মাননীয় সংসদ সদস্য জনাব টিপু মুন্সি (এম.পি), গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, নির্বাচনী এলাকা- ২২, রংপুর-০৪ ও মাননীয় উপদেষ্টা, নিকাহ রেজিস্ট্রার, লাইসেন্স মঞ্জুরী সংক্রান্ত উপদেষ্টা কমিটি।
- ২। উপজেলা চেয়ারম্যান, পীরগাছা উপজেলা পরিষদ, রংপুর ও সদস্য, নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স মঞ্জুরী সংক্রান্ত উপদেষ্টা কমিটির সদস্য।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, পীরগাছা, রংপুর ও সদস্য, নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স মঞ্জুরী সংক্রান্ত উপদেষ্টা কমিটি।
- ৪। চেয়ারম্যান ০৫নং ছাওলা ইউনিয়ন পরিষদ, পীরগাছা, রংপুর ও সদস্য, নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স মঞ্জুরী সংক্রান্ত উপদেষ্টা কমিটি।
- ৫। নোটিশ বোর্ড কপি।
- ৬। অফিস কপি।

২৯/০২/২০২৪  
(তিথি রানী মন্ডল)  
সাব-রেজিস্ট্রার, পীরগাছা, রংপুর।  
ও  
সদস্য সচিব  
নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স মঞ্জুরী সংক্রান্ত উপদেষ্টা কমিটি।